গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ট্যারিফ কমিশন
সেগুনবাগিচা, ঢাকা।

বাংলাদেশ ট্যারিফ কমিশনের মার্চ ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব জ্যোতির্ময় দত্ত চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন।
সভার তারিখ ও সময়	:	১৮ মার্চ ২০১৯, বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান	:	কমিশনের সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতি বিগত ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ওপর সকলকে মতামত প্রদানের আহ্বান জানান। কমিশনের সদস্য ড. মোস্তফা আবিদ খান বলেন, ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ১ম পৃষ্ঠা **১.৩ প্রশিক্ষণ (আন্তর্জাতিক)/সেমিনার/কর্মশালা সংক্রান্ত তথ্য বিষয়ের পরে আরও একটি নতুন বিষয় 'আন্তর্জাতিক পর্যায়ে সভায় অংশগ্রহণ'** সংযোজন হবে। আর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ় (Confirm) করা হয়। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব জানুয়ারি ২০১৯ মাসের সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুসারে নিম্নবর্ণিত বিষয়সমূহের ওপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. প্রশাসন উইং এর কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ :

১.১. প্রাপ্ত পত্র নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি: আলোচনায় জানানো হয় যে, ফেব্রুয়ারি ২০১৯ মাসে ১০১টি পত্র কমিশনে পাওয়া যায় এবং সমসংখ্যক পত্র নিষ্পত্তি হয়েছে। প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নিষ্পন্ন করা হচ্ছে। প্রাপ্ত পত্রের নিষ্পত্তির ধারা অব্যাহত আছে। **যে সকল পত্রাদি ০৭ দিন, ১৫দিন এবং ৩০ দিনের অধিক সময়ের জন্য পেন্ডিং থাকবে তা সভার কার্যপত্রে উল্লেখ করতে হবে।**

১.২. প্রশিক্ষণ (অভ্যন্তরীণ)/সেমিনার/কর্মশালা সংক্রান্ত তথ্য): আলোচনায় জানানো হয় যে, ফেব্রুয়ারি ২০১৯ মাসে কমিশনের উপপ্রধান, সৈয়দ ইরতিজা আহসান প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

১.৩. প্রশিক্ষণ (আন্তর্জাতিক)/সেমিনার/কর্মশালা সংক্রান্ত তথ্য: আলোচনায় জানানো হয় যে, ফেব্রুয়ারি ২০১৯ মাসে কমিশনের উপপ্রধান জনাব মোঃ মশিউল আলম বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

১.৪. বিভিন্ন নোগোসিয়েশন/সভা সংক্রান্ত তথ্য: আলোচনায় জানানো হয় যে, ফেব্রুয়ারি ২০১৯ মাসে কমিশনের সদস্য ড. মোস্তফা আবিদ খান বৈদেশিক নোগোসিয়েশন/সভায় অংশগ্রহণ করেছেন।

১.৫. বৈদেশিক ভ্রমণ প্রতিবেদন: আলোচনায় জানানো হয় যে, ফেব্রুয়ারি ২০১৯ মাসে কমিশনের সদস্য ড. মোস্তফা আবিদ খান ও উপপ্রধান জনাব মোঃ মশিউল আলম বৈদেশিক প্রশিক্ষণ/নোগোসিয়েশন/সভায় অংশগ্রহণ করে প্রতিবেদন দাখিল করেছেন।

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.৬. অডিট আপত্তি নিষ্পত্তি:	
আলোচনায় জানানো হয় যে, কমিশনের অনিষ্পন্ন অডিট আপত্তি ০২টি। জড়িত অর্থের পরিমাণ ৩৯.৫৭ লক্ষ টাকা। ০১টি অডিট আপত্তি পুনঃ ব্রডশীট জবাবের প্রেক্ষিতে বাণিজ্যিক অডিট অধিদপ্তর বার্ষিক ক্রয় পরিকল্পনা ও ইজিপিতে ক্রয়ের প্রমাণক পুনরায় প্রেরণের জন্য ২৪-১২-২০১৮ তারিখে অনুরোধ জানিয়েছে। অন্য আপত্তির সাথে জড়িত ৩টি প্রতিষ্ঠানের মধ্যে একটি প্রতিষ্ঠানের নিকট হতে অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। বাকী দু'টির নিকট হতে অর্থ আদায়ের বিষয়টি প্রক্রিয়াধীন। **অডিট আপত্তিগুলো নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা
১.৭. পেনশন স্কীম:	
কমিশন কর্তৃক প্রণীত বাংলাদেশ ট্যারিফ কমিশন কর্মচারি (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া অনুমোদনের জন্য ৩০ জানুয়ারি ২০১৮ তারিখ অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়। ইহার অগ্রগতি জানার জন্য বাণিজ্য মন্ত্রণালয় হতে ০২ অক্টোবর ২০১৮ তারিখ অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে চেয়ারম্যান মহোদয় অর্থ বিভাগের সচিব এর সাথে কথা বলেছেন এবং তিনি আশ্বস্ত করেছেন। অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগের সাথে যোগাযোগ রাখতে করতে হবে।	সচিব ও সংশ্লিষ্ট কর্মকর্তা

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.৮. বিভাগীয় মামলা:	
কমিশনে বর্তমানে রুজুকৃত কোন বিভাগীয় মামলা নাই।	সচিব
১.৯. শাখা পরিদর্শন:	
ফেব্রুয়ারি ২০১৯ মাসে কমিশনের বিভিন্ন শাখা/বিভাগ হতে পরিদর্শন সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। **সংশ্লিষ্ট সকল কর্মকর্তা সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর নির্দেশনা মোতাবেক শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন।**	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
১.১০. কমিশনের বাৎসরিক সময়াবদ্ধ কর্মপঞ্জি প্রণয়ন:	
কমিশনের ৩টি ফাংশনাল বিভাগ ২০১৮-১৯ অর্থ বছরের APA এর প্রমাপ অনুযায়ী কার্যাবলীর বাৎসরিক সময়াবদ্ধ কর্মপঞ্জি প্রণয়ন করেছে। **সময়াবদ্ধ কর্মপঞ্জি অনুযায়ী ফাংশনাল বিভাগ APA বাস্তবায়ন করবে।**	ফাংশনাল বিভাগ
১.১১. বার্ষিক প্রতিবেদন প্রকাশনা :	
কমিশনের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। ১১ অক্টোবর ২০১৮ তারিখে প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। একই তারিখে মুদ্রণ ও বাঁধাইয়ের লক্ষ্যে বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে। মুদ্রণ সংক্রান্ত ১,৭২,৪০০ টাকার বিল ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে। প্রতিবেদনের ১ম প্রুফ সংগ্রহ করে সংশোধনের কাজ চলমান। অতিশীঘ্র ২য় প্রুফ সংগ্রহ করে প্রকাশের জন্য চূড়ান্ত করা হবে। **দ্রুত সম্পন্ন করতে হবে।**	পিআর এন্ড পিও
১.১২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন:	
APA এর প্রমাপ অনুযায়ী ২য় ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি করে ১০ জানুয়ারি ২০১৯ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। **APA এর প্রমাপ অনুযায়ী সকল কর্মকর্তাকে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	APA বাস্তবায়ন টিম ও সচিব
১.১৩. জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) প্রণয়ন ও বাস্তবায়ন:	
জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি করে ১০ জানুয়ারি ২০১৯ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। **NIS এর প্রমাপ অনুযায়ী সকল কর্মকর্তাকে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	NIS বাস্তবায়ন টিম ও সচিব
১.১৪. জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) নীতিমালা-২০১৮ বাস্তবায়ন:	
ICT নীতিমালা, ২০১৮ জারি হয়েছে। ICT নীতিমালা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি নিয়মিত সভা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছেন। **ICT বিষয়ক নির্ধারিত লক্ষমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলে কার্যক্রম চলমান রাখবে।**	আহবায়ক সংশ্লিষ্ট কমিটি ও সিস্টেম এনালিস্ট
১.১৫. উদ্ভাবনী ধারণা সম্পর্কিত:	
ইনোভেশন সংক্রান্ত ২০১৮-১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এতদসংক্রান্ত ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ১০ জানুয়ারি ২০১৯ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী কমিটির কার্যক্রম চলছে। **কর্মপরিকল্পনা অনুযায়ী কমিটির কার্যক্রম চলমান রাখবে।**	আহবায়ক ইনোভেশন টিম ও প্রশাসন উইং

১.১৬.কমিশনের বিরুদ্ধে চলমান মামলা সংক্রান্ত:	
(১) কমিশনের গাড়ি চালক জনাব মোঃ বাবুল হোসেন তার বিরুদ্ধে পরিচালিত বিভাগীয় মামলার আদেশে সংক্ষুব্ধ হয়ে প্রশাসনিক ট্রাইবুনাল-৩ এ মামলা নং-১৬৩/২০১৮ দায়ের করেন। মামলার শুনানী ১০ মার্চ ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। পরবর্তী শুনানীর তারিখ ঘোষণা করা হয়নি। (২) কমিশনের সহকারী প্রধান পদে চলতি দায়িত্বে নিয়োজিত মোঃ ময়েন উদ্দিন মোল্লা (মূল পদ গ্রন্থাগারিক) কমিশনের ১৩৫ তম কমিশন সভার ০৩ নং সিদ্ধান্তে সংক্ষুব্ধ হয়ে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ মামলা নং-২৩৫/২০১৮ দায়ের করেন। উক্ত মামলার শুনানী ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়েছে। (৩) বাংলাদেশ ট্যারিফ কমিশনে প্রেষণে নিয়োজিত প্রাক্তন সহকারী প্রধান ও বিসিএস প্রশাসন ক্যাডারের সদস্য শেখ আব্দুল বাতেন (পরিচিত নং-২১৩১) তাঁর আবেদন অনুযায়ী তাঁকে ৩,৪০,৫১৫/- (তিন লক্ষ চল্লিশ হাজার পাঁচশত পনের) টাকা আনুতোষিক এবং ১,৪৮০.৫০ (এক হাজার চারশত আশি টাকা পঞ্চাশ পয়সা) মাসিক অবসর ভাতা ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতা প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে মঞ্জুরি জ্ঞাপন করা হয়। উক্ত মঞ্জুরি পত্র প্রাপ্তির পর সংক্ষুব্ধ হয়ে তিনি প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ মামলা নং-৩৭৫/২০১৮ দায়ের করেন। উল্লিখিত মামলায় কমিশনের পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার নিমিত্ত মামলার আরজি ০১(এক) কপি, দফাওয়ারি জবাব এর ০২(দুই) কপি এবং প্যানেল আইনজীবী নিয়োগ করার জন্য বিজ্ঞ সলিসিটর বরাবর ১৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। মামলার শুনানির দিন কমিশনের পক্ষে প্রতিনিধিত্বকারী কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য ১২ মার্চ ২০১৯ তারিখে পত্র জারি করা হয়েছে। **মামলার বিষয়ে সদস্য (বানী) সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সভা করবেন এবং কমিশনের পক্ষে প্রতিনিধিত্বকারী কর্মকর্তার নামে ট্রাইব্যুনালের রেজিস্ট্রার বরাবর পত্র দিতে হবে।**	প্রশাসন উইং
১.১৭.ওয়েবসাইট এর তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণ:	
কমিশনের ওয়েবসাইটের তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণের কাজ চলমান। গুরুত্বপূর্ণ তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। কমিশন কর্তৃক গঠিত ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত রিভিউ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম অব্যাহত আছে। ওয়েবসাইট এ কর্মকর্তাগণের সদ্য তোলা ছবি না থাকায় বাস্তবতার সাথে তার মিল পাওয়া যাচ্ছে না বিধায় ওয়েবসাইট এ কর্মকর্তাগণের সদ্য তোলা ছবি সংযোজন করা হয়েছে।	ওয়েবসাইট রিভিউ কমিটি
১.১৮.দাপ্তরিক ই-মেইলের ব্যবহার:	
কমিশনের সকল কর্মকর্তা অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার করছেন। সভার নোটিশ ও কার্যবিবরণীসমূহ অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করা হচ্ছে। **অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার এবং সভার নোটিশ ও কার্যবিবরণী সমূহ অফিসিয়াল ই-মেইল এর মাধ্যমে প্রেরণ অব্যাহত রাখতে হবে। কর্মকর্তাদের নামের বিপরীতে অফিসিয়াল ই-মেইল আইডি খোলার উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে সবার পাসওয়ার্ড নতুন করে প্রদান করতে হবে। রিভিউ কমিটির নিয়মিত কার্যক্রম অব্যাহত ও ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে।**	সিস্টেম এনালিস্ট
১.১৯.ই-টেন্ডারিং:	
২০১৮-১৯ অর্থ বছরে কমিশনের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। ই-টেন্ডারিং পরিকল্পনা অনুযায়ী কমিশনের দ্রব্যাদির ক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সচিব ও সিস্টেম এনালিস্ট।
১.২০.ই-ফাইলিং এর ব্যবহার:	
প্রত্যেকটি ই-ফাইল নিষ্পত্তির পর ইহার নোটশীট ও পত্রাদি হার্ডফাইলে সংরক্ষণ করা হচ্ছে। তাছাড়া a2i এর সাথে যোগাযোগ করে সমস্যা সমাধানের কার্যক্রম গ্রহণসহ দাপ্তরিক কাজে ই-ফাইলিং এর কার্যক্রম বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। ই-ফাইলিং এর কার্যক্রম প্রেরণ করতে হবে।	সিস্টেম এনালিস্ট।
১.২১. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS):	
প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়। GRS সম্পর্কিত কার্যক্রম সম্পাদনের জন্য বর্তমানে কমিশনের ০৩ জন (অনিক) কর্মকর্তার পরিবর্তে ০১ জন (অনিক) নিয়োগের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।	সচিব ও সিস্টেম এনালিস্ট।

১.২২. তথ্য অধিকার বাস্তবায়ন (RTI):	
তথ্য অধিকার বাস্তবায়ন (RTI) সম্পর্কিত কার্যক্রম সম্পাদনের জন্য কমিশনে তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপিল কর্তৃপক্ষ নিয়োগপূর্বক তাদের নাম ও ঠিকানা কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়া এতদসংক্রান্ত তথ্যের প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হয়।	সচিব ও সিস্টেম এনালিস্ট।

২। আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ:

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১. আলোচনায় জানানো হয় যে, Non Agricultural Market Access (NAMA) এবং WTO Rules বিষয়ে গত ১৩ মে ২০১৮ তারিখে বাংলাদেশ ট্যারিফ কমিশনে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে রুলস অফ অরিজিন, স্পেশাল ও ডিফারেন্সিয়াল ট্রিটমেন্ট, ফিসারিজ সাবসিডি, RTA ও WTO Rules, নন-ট্যারিফ ব্যারিয়ার ও ট্রিমস সংক্রান্ত সাব গ্রুপের সর্বনিম্ন একটি করে সভা অনুষ্ঠিত হয়েছে এবং ট্যারিফ সংক্রান্ত উপ-কমিটির আহ্বায়কের নির্দেশনা অনুযায়ী কার্যপত্র প্রস্তুতের কাজ চলছে। শীঘ্রই এ সংক্রান্ত উপকমিটির সভা আহবান করা হবে। দুটি সাব-কমিটির চূড়ান্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। **সকল উপ-কমিটির নিকট হতে প্রতিবেদন সংগ্রহ করে সংকলনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।**	সদস্য (আস) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
২.২. বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তির সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত খসড়া প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। **চলতি মার্চ মাসের মধ্যেই প্রতিবেদন চূড়ান্ত করে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।**	ঐ
২.৩. বাংলাদেশ-থাইল্যান্ড মুক্ত বাণিজ্য চুক্তি সম্পাদনের সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য উপাত্ত সংগ্রহ করে খসড়া প্রতিবেদন প্রস্তুতের কাজ চলছে। **মার্চ মাসের মধ্যে খসড়া প্রতিবেদন উপস্থাপন করতে হবে।**	ঐ
২.৪. Leather Industries in Bangladesh: Post Graduation Challenges and Way forward শীর্ষক সমীক্ষা প্রণয়নের নিমিত্ত বাংলাদেশ লেদার গুডস এ্যাসোসিয়েশন, বাংলাদেশ ট্যানার্স এ্যাসোসিয়েশন এবং দু'টি শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। খসড়া প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। **এপ্রিল মাসের মধ্যে সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।**	ঐ
২.৫. Product and Market Diversification in Export Trade of Bangladesh: Challenges and Pathways শীর্ষক সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহের জন্য কাজ চলমান আছে এবং প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট অংশীজনদের প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে। প্রতিবেদন প্রণয়নের প্রাথমিক কাজ চলছে। **নির্ধারিত সময়ের মধ্যে সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।**	ঐ
২.৬. মিয়ানমার কর্তৃক বাংলাদেশ-মিয়ানমার PTA এর খসড়ার উপর মতামত উপস্থাপন করা হয়েছে। **যৌক্তিক সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।**	ঐ
২.৭. বাংলাদেশ ও ভারতের মধ্যে Comprehensive Economic Partnership Agreement (CEPA) এর সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত কার্যাদির বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণের কাজ চলছে। **এপ্রিল মাসের ১৫ তারিখের মধ্যে খসড়া প্রতিবেদন উপস্থাপন করতে হবে।**	ঐ
২.৮. বিমসটেক-এর আওতায় Schedule of Concessions in HS 2017 version প্রস্তুতকরণের কার্যক্রম অব্যাহত আছে। **চাহিত মতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।**	ঐ
২.৯. অর্থনৈতিক কাঠামো রূপান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভিন্ন আইনের সংশোধন/পরিমার্জনে মতামত প্রদানের বিষয়ে বাণিজ্য প্রতিবিধান বিভাগের নিকট হতে শূন্য প্রতিবেদন পাওয়া গিয়েছে। বাণিজ্য নীতি বিভাগের মতামত পেলে কমিশনের সমন্বিত মতামত প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট বিভাগ মতামত প্রদান করবে এবং চাহিত মতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	ঐ
২.১০. বাংলাদেশ-চীন মুক্ত বাণিজ্য সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত যৌথ সমীক্ষায় বাংলাদেশ কর্তৃক প্রণীত অংশ প্রস্তুত করার নিমিত্ত প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। **১৫ মার্চ ২০১৯ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।**	ঐ
২.১১. SDG-এর বিভিন্ন Indicator সংক্রান্ত তথ্য-উপাত্ত বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে তথ্য-উপাত্ত বিশ্লেষণের কাজ চলছে। **তথ্য-উপাত্ত সংগ্রহ করে অবিলম্বে প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।**	ঐ
২.১২. ভারত কর্তৃক প্রস্তাবিত SAARC Regional Investment Treaty এর উপর মতামতসহ খসড়া প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। **যৌক্তিক সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।**	ঐ
২.১৩.'জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা-২০১৮'-এর ওপর খসড়া মতামত প্রণয়নের কাজ চলছে। **চাহিত মতে মতামত প্রেরণ করতে হবে।**	ঐ

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১৪. মাদ্রিদ প্রটোকলে বাংলাদেশের অন্তর্ভুক্তি বিষয়ে মতামত উপস্থাপন করা হয়েছে। **চাহিত মতে মতামত** প্রেরণ করতে হবে।	সদস্য (আস) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
২.১৫. e-Trade Readiness of Bangladesh' শীর্ষক সমীক্ষা প্রতিবেদনের ওপর খসড়া মতামত উপস্থাপন করা হয়েছে। **যৌক্তিক সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।**	
২.১৬.এক্স-ফ্যাক্টরি মূল্যের ভিত্তিতে পণ্যের মূল্য সংযোজন হার নিরূপণ ব্যবস্থা প্রবর্তনের বিষয়ে তথ্য-উপাত্ত বিশ্লেষণের কাজ চলছে। **চাহিত মতে মতামত প্রেরণ করতে হবে।**	

৩. বাণিজ্য প্রতিবিধান বিভাগ:

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.১. আলোচনায় জানানো হয় যে, এন্টি-ডাম্পিং,কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা সেমিনার গত ১২ নভেম্বর ২০১৮ তারিখে বগুড়ায় প্রথম সেমিনারটি অনুষ্ঠিত হয়েছে। ভারত ও পাকিস্তানের এন্টি-ডাম্পিং কর্তৃপক্ষের জারীকৃত চূড়ান্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনাসহ পরবর্তী পদক্ষেপ গ্রহণের সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়নের লক্ষ্যে দ্বিতীয় সেমিনারটি আগামী ২৪ মার্চ ২০১৯ তারিখে কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। APA **এর প্রমাপ অনুযায়ী সেমিনার আয়োজন অব্যাহত রাখতে হবে।**	সদস্য (বাপ্র) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
৩.২. এন্টি-ডাম্পিং, কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা প্রশিক্ষণের কর্মপঞ্জি অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচীর প্রথমটি ২৪ অক্টোবর ও দ্বিতীয়টি ২৩ ডিসেম্বর ২০১৮ তারিখে কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। পরবর্তিতে উচ্চহারে সম্পূরক শুল্ক আরোপিত অন্যান্য পণ্যের উৎপাদকদের নিয়ে তৃতীয় ওয়ার্কসপ/প্রশিক্ষণটি আগামি এপ্রিল ২০১৯ মাসে আয়োজন করা হবে। তদানুযায়ী কার্যক্রম অব্যাহত আছে। APA **এর প্রমাপ অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখতে হবে।**	ঐ
৩.৩. বাংলাদেশ হতে আমদানীকৃত হাইড্রোজেন পারঅক্সাইডের ওপর পাকিস্তান কর্তৃক এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। এ বিষয়ে পাকিস্তানের আপীলাত ট্রাইব্যুনালে আপীলের শুনানী চলমান রয়েছে। সামুদা কেমিক্যাল বিশ্ব বাণিজ্য সংস্থায় বিষয়টি উপস্থাপনের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছে। এন্টি-ডাম্পিং,কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা বিষয়ে দ্বিতীয় সেমিনারটি অনুষ্ঠানের পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। **কেসটি নিয়মিত মনিটরিং করতে হবে।**	ঐ
৩.৪. ভারত সরকার কর্তৃক বাংলাদেশ হতে আমদানীকৃত হাইড্রোজেন পার-অক্সাইডের ওপর এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। সামুদা কেমিক্যাল বিশ্ব বাণিজ্য সংস্থায় বিষয়টি উপস্থাপনের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছে। এন্টি-ডাম্পিং,কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা বিষয়ে দ্বিতীয় সেমিনারটি অনুষ্ঠানের পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। **কেসটি নিয়মিত মনিটরিং করতে হবে।**	ঐ
৩.৫. ভারত সরকার কর্তৃক বাংলাদেশ হতে পাটপণ্য আমদানির ওপর এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। এন্টি-ডাম্পিং,কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা বিষয়ে দ্বিতীয় সেমিনারটি অনুষ্ঠানের পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। **কেসটি নিয়মিত মনিটরিং করতে হবে।**	ঐ
৩.৬. উচ্চপ্রযুক্তি সম্পন্ন স্থানীয় ইলেকট্রিক পণ্য প্রস্তুতকারী শিল্প রক্ষার্থে এইচএস কোড ৮৫২৯.৯০.৪১ এর আওতাভুক্ত পণ্য টেলিভিশনের প্যানেলের ওপর আমদানী পর্যায়ে এন্টি-ডাম্পিং ডিউটি আরোপের বিষয়ে এসোসিয়েশনের পক্ষে ওয়ালটন কর্তৃপক্ষ প্রশ্নমালা পূরণ বিষয়ে দিক নির্দেশনামূলক প্রশিক্ষণ চেয়ে ও সরেজমিনে ফ্যাক্টরি পরিদর্শনের জন্য পত্র প্রদান করলে কমিশনের তিনজন কর্মকর্তা গত ২৯ নভেম্বর প্রশিক্ষণ প্রদান করেছেন। সর্বশেষ অবস্থা জানাতে এসোসিয়েশনকে ১৩ জানুয়ারি ২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে আবেদনকারির তেমন কোন আগ্রহ পরিলক্ষিত হচ্ছে না। আগামি ১৫ কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ আবেদন চেয়ে সর্বশেষ পত্র প্রেরণ করা হয়েছে। **১৫ কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ আবেদন পাওয়া না গেলে কার্যতালিকা হতে বাদ দিতে হবে।**	ঐ
৩.৭. স্থানীয় ইলেকট্রিক পণ্য প্রস্তুতকারী শিল্পরক্ষার্থে কতিপয় এইচএস কোড ৮৫৩৬.৫০.০০, ৮৫৩৬.৬১.০০, ৮৫৩৬.৬৯.০০, ৮৫৩৮.৯০.১০ এবং ৮৫৩৮.৯০.৯০ সমূহের আওতাভূক্ত পণ্যসমূহ সুইচ, সকেট, ল্যাম্প হোল্ডার এবং এতদসমূহ যন্ত্রাংশের ওপরে আমদানি পর্যায়ে এন্টি-ডাম্পিং ডিউটি আরোপকরণ বিষয়ে এসোসিয়েশনের পক্ষে ওয়ালটন কর্তৃপক্ষ প্রশ্নমালা পূরণ বিষয়ে দিক নির্দেশনামূলক প্রশিক্ষণ চেয়ে ও সরেজমিনে ফ্যাক্টরি পরিদর্শনের জন্য পত্র প্রদান করলে কমিশনের তিনজন কর্মকর্তা গত ২৯ নভেম্বর প্রশিক্ষণ প্রদান করেছেন। সর্বশেষ অবস্থা জানাতে এসোসিয়েশনকে ১৩ জানুয়ারি ২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে আবেদনকারির তেমন কোন আগ্রহ পরিলক্ষিত হচ্ছে না। ১৫ কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ আবেদন চেয়ে সর্বশেষ পত্র প্রেরণ করা হয়েছে। **১৫ কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ আবেদন পাওয়া না গেলে কার্যতালিকা হতে বাদ দিতে হবে।**	ঐ

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.৮. স্থানীয়ভাবে উৎপাদিত উচ্চ প্রযুক্তি সম্পন্ন বৈদ্যুতিক ফ্যান প্রস্তুতকারী শিল্প রক্ষার্থে বিভিন্ন প্রকার বৈদ্যুতিক ফ্যান এবং উক্ত পণ্যসমূহের পার্টস আমদানিতে অসাধুতা ও অপর্যাপ্ত মূল্য ঘোষণা রোধকল্পে আমদানি পর্যায়ে এন্টি-ডাম্পিং ডিউটি (Anti-Dumping Duty) আরোপের বিষয়ে বিশ্ব বাণিজ্য সংস্থার নিয়মানুযায়ী এন্টি-ডাম্পিং শুল্ক আরোপের জন্য নির্ধারিত তদন্ত প্রক্রিয়া অনুসরণ করতে হয়। বাংলাদেশ এ সংক্রান্ত এন্টি-ডাম্পিং বিধিমালার অনুচ্ছেদ ৫.২ অনুসারে নির্ভরযোগ্য প্রমাণাদিসহ নির্ধারিত প্রশ্নমালা পূরণ করে প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে আবেদনকারির তেমন কোন আগ্রহ পরিলক্ষিত হচ্ছে না। ১৫ কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ আবেদন চেয়ে সর্বশেষ পত্র প্রেরণ করা হয়েছে। **১৫ কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ আবেদন পাওয়া না গেলে কার্যতালিকা হতে বাদ দিতে হবে।**	সদস্য (বাপ্র) ও সংশ্লিষ্ট কর্মকর্তা

৪। বাণিজ্য নীতি বিভাগ :

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.১. আলোচনায় জানানো হয় যে, আমদানী নীতি আদেশ ২০১৫-১৮ এর নিষিদ্ধ পণ্যের তালিকার অন্তর্ভুক্ত পরিবহন যোগ্য আগ্নেয়াস্ত্রের মধ্যে পুরাতন স্টকের পণ্য যা নতুনভাবে আমদানি করা হচ্ছে। তার উপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য আবেদনের বিষয়টি এসোসিয়েশনের মাধ্যমে উপস্থাপন করার জন্য আবেদনকারি কিছুটা সময় চেয়েছে। **বিষয়টি মনিটরিং করতে হবে।**	সদস্য (বানী) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
৪.২. ভ্যাট রেজিষ্টার্ড এলইডি ল্যাম্প উৎপাদনকারী শিল্পের জন্য এলয়েড এলুমিনিয়াম শীটের পাশাপাশি নন-এলয়েড এলুমিনিয়াম শীটেরও এসআরও নং ১৪৮-আইন/২০১৮/১৪/কাস্টমস এ অন্তর্ভুক্তিপূর্বক উহার উপরে আরোপিত আমদানি শুল্ক ০% করার আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত পাওয়া গিয়েছে। **শীঘ্রই উপস্থাপন করতে হবে।**	ঐ
৪.৩. বাংলাদেশে স্থাপিত একমাত্র BOPP Film উৎপাদনকারী অত্যাধুনিক শিল্পপ্রতিষ্ঠানটিকে টিকিয়ে রাখতে আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.৪. আমদানিকৃত Paraffin Wax (Fully Refined) এর Value নির্ধারণের জন্য আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.৫. মাষ্টারব্যাচ এর আমদানি শুল্ক ১৫% থেকে যৌক্তিক হারে বৃদ্ধিকরণ এবং আমদানিকৃত কাঁচামালের উপর শুল্ক মওকুফের আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.৬. মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances রপ্তানির বিপরীতে ২০% নগদ সহায়তা প্রদানের আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.৭. স্থানীয়ভাবে উৎপাদিত উচ্চ প্রযুক্তি সম্পন্ন বৈদ্যুতিক ফ্যান প্রস্তুতকারী শিল্প রক্ষার্থে বিভিন্ন প্রকার বৈদ্যুতিক ফ্যান এবং উক্ত পণ্যসমূহের পার্টস আমদানিতে অসাধুতা ও অপর্যাপ্ত মূল্য ঘোষণা রোধকল্পে বাংলাদেশ ট্যারিফ কমিশন আইন, ১৯৯২ এর ৭(চ) ধারা মোতাবেক পদক্ষেপ গ্রহণের জন্য আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.৮. পাদুকা পণ্যের পাশাপাশি সিনথেটিক ফেব্রিকস মিশ্রণে তৈরি ব্যাগ ও অন্যান্য পণ্যের রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদানের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে।**কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.৯. কেমিক্যাল আমদানিতে ট্যারিফ ভ্যালুসহ শুল্কহার পুনঃনির্ধারণের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.১০. দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা ১০%-বৃদ্ধি করে ৩০% করার বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.১১. পলিয়েষ্টার ষ্টাপল ফাইবার রপ্তানিতে ২০% ভর্তুকি প্রদানের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.১২.অপ্রচলিত কৃষি পণ্য সুপারি পাতার খোলা দিয়ে উৎপাদিত পণ্য রপ্তানিতে মতামতের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ
৪.১৩. সয়াবিন তেলের মূল্য সম্পর্কিত প্রতিবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	ঐ

বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.১৪. রাইস ব্রান রপ্তানিতে ট্যারিফ ভ্যালু নির্ধারণসহ শুল্ক বৃদ্ধির বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	সদস্য (বানী) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
৪.১৫. সুইচ সকেট আমদানিতে ট্যারিফ ভ্যালুসহ আমদানি শুল্ক বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ চলছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।**	

৫. **অত্যাবশ্যকীয় পণ্য মনিটরিং সেলের কার্যক্রম সংক্রান্ত:**

গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়নের অগ্রগতি	বাস্তবায়নকারী উইং/ কর্মকর্তা
পণ্য মনিটরিং কার্যক্রম ধারা অব্যাহত রাখতে হবে।	অত্যাবশ্যকীয় পণ্য মনিটরিং কার্যক্রম জোরদার করা সহ অত্যাবশ্যকীয় দ্রব্য মূল্যের বিষয়ে প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিতভাবে প্রেরণের কার্যক্রম অব্যাহত রয়েছে। অত্যাবশ্যকীয় দ্রব্যমূল্যের বিষয়ে কোন পরিবর্তন পরিলক্ষিত হলে যথাশীঘ্র উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হচ্ছে। প্রদেয় তথ্যের ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত করে নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।	জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী প্রধান

৬. **বিবিধ: (ক) অগ্রিম সমন্বয় সংক্রান্ত:** কমিশনের চেয়ারম্যান সভাকে অবহিত করেন, যে সকল কর্মকর্তা/কর্মচারি সংশ্লিষ্ট দাপ্তরিক কাজে ব্যবহারের নিমিত্ত অগ্রিম গ্রহণ করে এখনও অগ্রিম সমন্বয় করেননি তারা আগামী ০৩ দিনের মধ্যে সমন্বয় করবেন। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে মৌখিকভাবে জানানো যেতে পারে। **আগামী ০৭ দিনের মধ্যে উত্তোলিত অগ্রিম সমন্বয়পূর্বক বিষয়টি নিষ্পত্তি করতে হবে।**

(খ) ফাংশনাল বিভাগের কার্যক্রম নিষ্পত্তির সময়সীমা নির্ধারণ: কমিশনের চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, ফাংশনাল বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্রে আলোচ্য বিষয়গুলো নিষ্পত্তির সময়সীমা উল্লেখ নেই। আগামী মাসিক সমন্বয় সভার কার্যপত্রে আলোচ্য বিষয়গুলো নিষ্পত্তির সময়সীমা নির্ধারণ করা যেতে পারে। **এপ্রিল মাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্রে আলোচ্য বিষয়গুলো নিষ্পত্তির সময়সীমা নির্ধারণ করতে হবে।**

(গ) সহকারী প্রধানদের দাপ্তরিক টেলিফোন: আলোচনায় জানা যায়, কমিশনের সহকারী প্রধানগণের দাপ্তরিক টেলিফোন না থাকায় কাজ ব্যাহত হচ্ছে। **টেলিফোন নীতিমালা-২০১৮ অনুযায়ী সহকারী প্রধানগণের টেলিফোন সরবাহের ব্যবস্থা করতে হবে।**

৭. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/০৪/২০২২

(জ্যোতির্ময় দত্ত)
চেয়ারম্যান
বাংলাদেশ ট্যারিফ কমিশন